

# কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ কোর্ট কী?

স্কুল ও বাড়ির ভেতর ও আশেপাশের পরিবেশ এবং শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার মধ্যে সংযোগ গবেষণায় গবেষকদের সুবিধার্থে আমরা **কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ কোর্ট** নামে একটি নতুন ডেটা রিসোর্স স্থাপন করছি।

## কেন আমরা এই প্রোজেক্টটি করছি?

শিশুরা বাড়ি ও স্কুলের চারপাশের পরিবেশের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর বৈশিষ্ট্যগুলোর কাছে প্রাপ্তবয়স্কদের তুলনায় অনেক বেশি ঝুঁকিপূর্ণ। ইংল্যান্ডের অনেক শিশুই তাদের বসবাসের এলাকা ও স্কুলে সেবা ও অবকাঠামো অ্যাক্সেসের সুবিধা থেকে বঞ্চিত।

বাইরের বায়ু দূষণ, অতিরিক্ত ভিড়, বাড়িতে ছাঁচ, স্কুলের কাছাকাছি ফাস্ট ফুডের বিজ্ঞাপনের সংস্পর্শে আসা বা শৈশবকালে সবুজ বনানীর কাছে থাকতে না পারার মতো বিষয়গুলো হাঁপানি, দুর্বল মানসিক স্বাস্থ্য, স্খলতা ও বাজে শিক্ষাগত অর্জনের মতো দীর্ঘমেয়াদী সমস্যা তৈরির জন্য দায়ী।

সরকার পরিবেশ ও বাড়ির অবস্থা উন্নত করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন। আমাদের আরো উন্নত ডেটা প্রয়োজন যাতে আমরা শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার উপর স্থানীয় পরিবেশের প্রভাব সম্পর্কে বুঝতে পারি এবং সরকারের প্রচলনকৃত নীতিগুলো শিশুদের সুস্থতা ও স্কুলের ফলাফল উন্নত করছে কি না সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারি।

## কিভাবে আমরা এটি করব?

আমরা কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ কোর্ট নামক একটি জাতীয় ডেটাবেস প্রতিষ্ঠা করব যেখানে স্কুল, হাসপাতাল ও কমিউনিটি ফার্মেসি থেকে 2006 সাল থেকে শুরু করে ইংল্যান্ডে জন্মগ্রহণকারী **প্রায় 11 মিলিয়ন শিশুর** স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক তথ্য থাকবে।

শিশুদের তথ্যের সাথে তাদের মায়ের গর্ভকালীন স্বাস্থ্য তথ্যের সংযোগ থাকবে। আমরা কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ কোর্ট এর তথ্যের সাথে শিশুদের বাড়ি ও স্কুলের স্থানীয় পরিবেশের তথ্যের সমন্বয় করব।

পরিশেষে, কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ তথ্য ভিত্তিক গবেষণার ফলাফল **সরকারি বিভাগসমূহ ও স্থানীয় কাউন্সিলদেরকে** সেই সাথে জনসাধারণকে জানাবে যে তাদের আবাসন, পরিবেশ ও পরিকল্পনা নীতিগুলো শিশুদের জীবন উন্নত করতে কেমন ভালো কাজ করছে।

কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ-এর তথ্য সম্ভাবনা সম্পর্কে আরো জানতে হলে [এখানে](#) ক্লিক করুন [মনে রাখবেন: লিঙ্ক শুধুমাত্র ইংরেজিতেই থাকবে]।

## তথ্যগুলো কিভাবে নিরাপদ রাখা হবে?

সকল তথ্য অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিস্টিকস এর সুরক্ষিত সার্ভারে রাখা হবে। কোর্ট গঠনকারী বিভিন্ন ডেটাসেট ঐ পদ্ধতিসমূহের সাহায্যে যুক্ত থাকবে যেগুলোর সাহায্যে NHS ইংল্যান্ড এবং অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিস্টিকস মা ও শিশুদের শনাক্তকারী তথ্য সুরক্ষিত রাখে।

এই তথ্য ব্যবহারে ইচ্ছুক গবেষকদেরকে সংবেদনশীল তথ্য ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

কিডজ এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ-এর তথ্য সম্পর্কে আরো জানতে হলে [এখানে](#) ক্লিক করুন [মনে রাখবেন: লিঙ্ক শুধুমাত্র ইংরেজিতেই থাকবে]।

আপনার পছন্দগুলোর গোপনীয়তা সংক্রান্ত নোটিশ ও তথ্যের জন্য [এখানে](#) ক্লিক করুন [মনে রাখবেন: লিঙ্ক শুধুমাত্র ইংরেজিতেই থাকবে]।